কর্মচারীদের জন্য একটি পথনির্দেশক

কর্মক্ষেত্রে প্রাপ্ত আঘাতজনিত ক্ষতিপূরণ

MINISTRY OF MANPOWER

কর্মক্ষেত্রে প্রাপ্ত আঘাতজনিত ক্ষতিপূরণ বলতে কি বোঝানো হয়?

আপনি কাজ করতে গিয়ে কোনো আঘাত পেলে অথবা কাজ করার কারণেই শারীরিক ভাবে অসুস্থ হয়ে পড়লে, আপনি আপনার নিয়োগকর্তার কাছ থেকে ক্ষতিপূরণ চাইতে পারবেন।

কর্মক্ষেত্রে প্রাপ্ত আঘাতজনিত ক্ষতিপূরণ আইনের(WICA) সাহায্যে আইনি পথে না গিয়েই কর্মচারীরা কাজ করতে গিয়ে পাওয়া আঘাত অথবা শারীরিক অসুস্থতার জন্য ক্ষতিপূরণ চাইতে পারবেন।

আমি কি WICA এর সুবিধা পাবো?

হ্যাঁ সুবিধা পাবেন

- আপনি “পরিষেবা চুক্তি” অনুসারে একজন কর্মচারী হিসাবে কাজ করছেন।

না, সুবিধা পাবেন না

- সিঙ্গাপুর আর্মড ফোর্সের একজন সদস্য
- উর্দি-পরিহিত কর্মীবৃন্দ (সিঙ্গাপুর পুলিশ ফোর্স, সিভিল ডিফেন্স ফোর্স, সেন্ট্রাল নারকোটিক্স ব্যুরো এবং প্রিজন সার্ভিস)
- স্বনিযুক্ত ব্যক্তিবর্গ / স্বাধীন ঠিকাদারগণ
- পরিচারকগণ

প্রশ্ন 1

আমি কি তখনও ক্ষতিপূরণের জন্য আবেদন জানাতে পারব যখন...

(i) আমি আর আমার নিয়োগকর্তার হয়ে কাজ করি না অথবা আমাকে কাজ থেকে ছাড়িয়ে দেওয়া হয়েছে?

(ii) আমি দেশের বাইরে কাজে থাকার সময়ে দুর্ঘটনাটি ঘটলে?

হ্যাঁ, হয়তো।

কাজ করতে গিয়ে আমি আঘাত পেয়েছি। আমার কি করা উচিত?

1. চিকিৎসা করান। অবিলম্বে বিষয়টি আপনার নিয়োগকর্তাকে জানান।
   - তারা বিষয়টি জনশক্তি মন্ত্রণালয় (MOM) কে জানাবে।
2. আপনার আসল মেডিকেল সার্টিফিকেট (MC) আপনার নিয়োগকর্তাকে দিন।
   - অসুস্থতার কারণে ছুটিতে থাকার সময়ে আপনার পারিশ্রমিক চেয়ে নিন।
3. আপনার চিকিৎসা সংক্রান্ত খরচের আসল রশিদ গুলো আপনার নিয়োগকর্তাকে দিন।
   - আপনি প্রথমে বিল পরিশোধ করে থাকলে সেই অর্থ তার কাছ থেকে ফেরত পাবেন।
   - আপনার MC এবং চিকিৎসা সংক্রান্ত খরচের রশিদগুলোর কপি রেখে দিন।
4. আপনার নিয়োগকর্তা দুর্ঘটনার কথা MOM কে জানিয়েছে কিনা তা জেনে নিন।
5. আপনি WICA অনুসারে নাকি প্রচলিত আইন অনুসারে ক্ষতিপূরণ দাবী করবেন তার সিদ্ধান্ত নিন।
   - আপনি যেকোনো একটি অনুসারে ক্ষতিপূরণের দাবী জানাতে পারবেন।

আমি যে কাজ করতে গিয়ে আহত হয়েছি সেই কথা আমার নিয়োগকর্তা কখন MOM কে জানাবে?

আপনার আহত হওয়ার কথা আপনার নিয়োগকর্তাকে জানাতে হবে যদি আপনি:

- কম করে 24 ঘন্টার জন্য হাসপাতালে ভর্তি ছিলেন, অথবা
- অসুস্থতার চিকিৎসা করাতে 4 দিন অথবা তার বেশি দিন ছুটিতে ছিলেন (ছুটি পরপর অথবা আলাদা আলাদা দিনে নিলেও), অথবা
- পেশাগত রোগে আক্রান্ত হয়েছেন

ছোটখাট পরামর্শ

আপনি নিজেই http://www.mom.gov.sg/iReport এ গিয়ে MOM কে জানাতে পারবেন

আমি ক্ষতিপূরণ হিসাবে কি দাবী করতে পারি এবং কত ক্ষতিপূরণ চাইতে পারি?

WICA অনুসারে আপনি নিম্নলিখিত ধরনের ক্ষতিপূরণ চাইতে পারবেন। ক্ষতিপূরণের এইসব সুবিধা আপনি সিঙ্গাপুরের নিবন্ধিকৃত ডাক্তারকে দেখালে তবেই পাবেন।

ধরন 1 : চিকিৎসা করানোর খরচ

চিকিৎসা করানোর খরচগুলি কি কি?

কাজ করতে গিয়ে পাওয়া আঘাতের চিকিৎসা করানোর খরচ **+** অন্যান্য খরচ, যেমন ধরুন – কাজ করতে গিয়ে পাওয়া আঘাতের মূল্যায়নের রিপোর্টের জন্য খরচ

দুর্ঘটনার দিন থেকে এক বছর অথবা চিকিৎসা বাবদ নির্ধারিত সর্বাধিক পরিমান অর্থ আপনি দাবী করতে পারবেন, যেটি আগে উপনীত হবে।

দুর্ঘটনাটি যখন ঘটেছে?	সেই অনুযায়ী আমি সর্বাধিক কত অর্থ ক্ষতিপূরণ হিসাবে চাইতে পারব?
1 লা জানুয়ারি 2016 এর আগে	$30,000
1 লা জানুয়ারি 2016 এ এবং তার পরে	$36,000

প্রশ্ন 2

আমার চিকিৎসা বাবদ হওয়া খরচ হল $45,000 আমি কি এই পুরো অর্থটাই চাইতে পারব?

7ই ফেব্রুয়ারি 2016 → 10ই মার্চ 2016 → 30 শে জুন 2016 → 9ই মার্চ 2017

আপনি দুর্ঘটনার কবলে পড়েছিলেন।

1ম মেডিকেল বিল
$30,000
হ্যাঁ, আপনি পুরো অর্থটাই চাইতে পারবেন।

2য় মেডিকেল বিল
$10,000
আপনি শুধুমাত্র $6,000 চাইতে পারবেন।

3য় মেডিকেল বিল
$5,000
আপনি অর্থ চাইতে পারবেন না।

এই উদাহরণে, আপনি $30,000 + $6,000 = $36,000 চাইতে পারবেন। 30 শে জুন 2016 তারিখে হওয়া $4,000 খরচ আপনি চাইতে পারবেন না কারণ সর্বাধিক যত অর্থ চাইতে পারবেন তা আপনার চাওয়া হয়ে গেছে। আপনি 9 ই মার্চ 2017 তারিখে হওয়া $5,000 খরচও চাইতে পারবেন না কারণ **দুর্ঘটনার সময় থেকে এক বছর পার হয়ে গেছে।**

ধরন 2 : অসুস্থ হয়ে ছুটিতে থাকার সময়ের পারিশ্রমিক

অসুস্থ হয়ে ছুটিতে থাকার সময়ের পারিশ্রমিক আমি কখন চাইতে পারব?

কাজ করতে গিয়ে পাওয়া আঘাত অথবা অসুস্থতার কারণে বর্হিবিভাগীয় রোগী হিসাবে এবং/অথবা হাসপাতালে ভর্তি থাকার কারণে ডাক্তার ছুটি দিলে আপনি এই সময়ের পারিশ্রমিক চাইতে পারবেন।

আপনি সেই দিনগুলিরই পারিশ্রমিক চাইতে পারবেন যে দিনগুলিতে আপনি সাধারণ ভাবে কাজ করতেন (অর্থাৎ কাজের দিনগুলি)। সরকারি ছুটির দিন অথবা বিশ্রাম ধরতে পারবেন না।

WICA অনুসারে নিম্নলিখিত রেট এবং লিমিট প্রযোজ্য:

বর্হিবিভাগীয় রোগী হিসাবে চিকিৎসা করাতে নেওয়া এত ছুটির জন্য	অথবা হাসপাতালে ভর্তি থেকে চিকিৎসা করাতে নেওয়া এত ছুটির জন্য	আপনার চিকিৎসার কারণে নেওয়া ছুটির সময়ের পারিশ্রমিক এই ভাবে হিসাব করা হয়
14 দিন পর্যন্ত	60 দিন পর্যন্ত	আপনার সম্পূর্ণ গড় মাসিক রোজগার
দুর্ঘটনার দিন থেকে 15তম দিন থেকে 1 বছর পর্যন্ত	দুর্ঘটনার দিন থেকে 61তম দিন থেকে 1 বছর পর্যন্ত	আপনার গড় মাসিক রোজগারের 2/3

প্রশ্ন 3

অসুস্থতার কারণে ছুটিতে থাকার সময়ের পারিশ্রমিক এবং মেডিকেল বিলের খরচ আমার নিয়োগকর্তা আমায় দেয়নি। আমার কি করা উচিত?

প্রথমে, আপনি যে সব আসল MC এবং মেডিকেল বিল আপনার নিয়োগকর্তার কাছে জমা দিয়েছেন তা নিশ্চিত হয়ে নিন। তিনি যে এইগুলি পেয়েছেন তা তাকে জানাতে বলুন।

আপনার নিয়োগকর্তা তারপরেও অসুস্থতার কারণে ছুটিতে থাকার সময়ের পারিশ্রমিক এবং চিকিৎসা করানোর খরচা না দেন তাহলে, অনুগ্রহ করে http://www.mom.gov.sg/contact-us এ আমাদের লিখে জানান অথবা জনশক্তি মন্ত্রণালয়ে সার্ভিসেস সেন্টারে আমাদের সাথে যোগাযোগ করুন।

ধরন 3 : ক্ষতিপূরণের অর্থ একবারে একসাথে পাওয়া

চিরকালের জন্য শারীরিক ভাবে অসমর্থ (পারমানেন্ট ইনক্যাপাসিটি/PI) অথবা মৃত্যু হলে তবেই পাবেন।

চিরস্থায়ী অক্ষমতা – আঘাতের কারণে অথবা অসুস্থতার কারণে কর্মচারী যদি আবার কাজ করতে চিরকালের জন্য অসমর্থ হয়ে পড়েন

কর্মচারী এত অর্থ পাবেন
= [কর্মচারীর গড় মাসিক রোজগার]
x [বয়সের হিসাব] x [চিরস্থায়ী অক্ষমতা %][1]

*ক্ষতিপূরণের সীমা বিষয় সাপেক্ষ।

আমি কিভাবে গড় মাসিক রোজগার (অ্যাভারেজ মান্থলি আর্নিংস/AME) হিসাব করতে পারব?

রোজগার + ওভারটাইম পে + ফুড অ্যালাউয়েন্স
+ বোনাস এবং দুর্ঘটনা ঘটার দিন থেকে বিগত 12 মাসে দেওয়া অন্যান্য অ্যালাউয়েন্স

12 মাস

ছোটখাট পরামর্শ

আপনার AME হিসাব করতে www.mom.gov.sg/calculate-ame দেখুন।

কি ধরা হয় না?

- নিয়োগকর্তার CPF কন্ট্রিবিউশন
- আপনার কাজে রাখার সাথে জড়িত যেকোনো বিশেষ খাতে দেওয়া অর্থ (যেমন, যাতায়াত খাতে দেওয়া অর্থ/ অর্থ ফেরত)

দুর্ঘটনাটি কখন ঘটেছে?	ক্ষতিপূরণের সীমা*	
	ন্যূনতম	সর্বাধিক
1 লা জানুয়ারি 2016 এর আগে	[$73,000 x % চিরস্থায়ী অক্ষমতা PI]	[$218,000 x % চিরস্থায়ী অক্ষমতা PI]
1 লা জানুয়ারি 2016 এ এবং তার পরে	[$88,000 x % চিরস্থায়ী অক্ষমতা PI]	[$262,000 x % চিরস্থায়ী অক্ষমতা PI]

দ্রষ্টব্য:
[1] কর্মচারীর অবস্থা স্হিতিশীল হয়ে যাওয়ার পরে ডাক্তারের মূল্যায়নের উপরে % চিরস্থায়ী অক্ষমতা (% PI) নির্ভরশীল।

মৃত্যু – যখন পাওয়া আঘাত থেকে কর্মচারীর মৃত্যু হয়

মৃত কর্মচারীর পরিবারের সদস্যদের অথবা তার উপরে নির্ভরশীলদের দেওয়া অর্থ
= [কর্মচারীর AME] x [বয়সের হিসাবে]

*ক্ষতিপূরণের সীমা বিষয় সাপেক্ষ।

দুর্ঘটনাটি কখন ঘটেছে?	ক্ষতিপূরণের *সীমা	
	ন্যূনতম	সর্বাধিক
1 লা জানুয়ারি 2016 এর আগে	$57,000	$170,000
1 লা জানুয়ারি 2016 এ এবং তার পরে	$69,000	$204,000

প্রশ্ন 4

আমার কি উকিলের প্রয়োজন হবে?

- ক্ষতিপূরণ এক নির্দিষ্ট হিসাবে স্থির করা হয় তাই তা চাইতে আপনার কোনো উকিলের সাহায্য নিতে হবে না।
- MOM এ দোভাষী রয়েছেন যারা আপনাকে বিনা খরচে ক্ষতিপূরণ দাবী মামলাটি রুজু করতে সাহায্য করবেন।.
- এই দোভাষীরাঃ বাংলা, তামিল, মান্দারিন, মালয় ভাষায় কথা বলতে পারেন।

প্রশ্ন 5

ক্ষতিপূরণের অর্থ আমাকে দেওয়ার জন্য MOM আদেশ দিলেও আমার নিয়োগকর্তা আমায় তা না দিলে কী হবে?

আদেশ দেওয়ার 21 দিনের ভিতরে আপনার নিয়োগকর্তাকে আপনাকে ক্ষতিপূরণের অর্থ দিতে হবে। নিয়োগকর্তা নির্ধারিত সময়ের ভিতরে অর্থ না দিলে, আদালতের আদেশ না মানার কারণে তার বিচার করা হতে পারে। তবে, এর মানে এই নয় যে আপনি ক্ষতিপূরণ পাবেনই।

1 Havelock Square, Singapore 059724 স্টেট কোর্টে বাইলিফ সেকশনে আপনাকেই আদালতের আদেশ কার্যকর করতে হবে। সাহায্যের জন্য আমাদের অফিসারের সাথে যোগাযোগ করতে পারেন।

আমি WICA অনুসারে ক্ষতিপূরণ দাবী করতে চাই। আমার কি করা উচিত?

ক্ষতিপূরণ চাওয়া

কর্মক্ষেত্রে আহত ক্ষতিপূরণ দাবীর আবেদন পত্র

কর্মক্ষেত্রে আহত ক্ষতিপূরণ আইন অনুযায়ী

ক্ষতিপূরণ চেয়ে আবেদন জানান

- আপনি ক্ষতিপূরণ চেয়ে আবেদন জানাতে চাইলে আপনাকে MOM কে তা জানাতে হবে।
- আমরা আপনাকে আবেদন জানানোর ফর্ম পাঠাবো।
- **আপনি দুর্ঘটনার দিন থেকে 1 বছর পরে হয়তো ক্ষতিপূরণ চেয়ে আবেদন জানাতে পারবেন না।**

ছোটখাট পরামর্শ

আপনি কি জানেন যে, কাজ করতে গিয়ে পাওয়া আঘাতের জন্য চাওয়া ক্ষতিপূরণের কি হল আপনি তা SMS এর মাধ্যমে জেনে নিতে পারবেন? CS<স্পেস>B<স্পেস> ক্ষতিপূরণ চাওয়ার রেফারেন্স নং লিখে '96175993' নম্বরে পাঠান যেমন CS B W-2014010001

ডাক্তারী মূল্যায়ন করান

- সমস্ত চিকিৎসীয় সাক্ষাৎগুলোতে উপস্থিত থাকুন।
- হাসপাতাল/ক্লিনিক পাল্টাবেন না।
- হাসপাতাল আপনার পরিস্থিতি খতিয়ে দেখবে এবং আপনার কতটা আঘাত লেগেছে (আপনার চিরস্থায়ী অক্ষমতা %) তা MOM কে জানাবে।

মূল্যায়নের বিজ্ঞপ্তি নিন

- আমরা আপনাকে, আপনার নিয়োগকর্তাকে এবং বিমা সংস্থাকে মূল্যায়নের একটি বিজ্ঞপ্তি পাঠাবো।

ক্ষতিপূরণ চাওয়া এবং পাওয়া

- MOM এর করা মূল্যায়নে কেউ কোনো আপত্তি না জানালে, আপনার নিয়োগকর্তা অথবা বিমা সংস্থাকে বিজ্ঞপ্তির দিন থেকে **21 দিনের** ভিতরে আপনাকে অর্থ দিতে হবে। আপনার নিয়োগকর্তা আপনার পাওনা ক্ষতিপূরণের অর্থ থেকে কোনো অর্থ কেটে নিতে পারবেন না (যেমন চিকিৎসা বাবদ হওয়া খরচ এবং অসুস্থতার কারণে ছুটিতে থাকার সময়ের পারিশ্রমিক)।
- কোনো আপত্তি তোলা হলে, MOM তা মিটিয়ে ফেলতে চেষ্টা করবে এবং ক্ষতিপূরণ মেটানোর জন্য নির্দেশ দেবে।

প্রশ্ন 6

আমি একজন বিদেশি কর্মী। WICA অনুসারে ক্ষতিপূরণ চেয়ে আমার করা আবেদন অমীমাংসিত অবস্থাতেই আমার নিয়োগকর্তা কি আমাকে আমার দেশে ফেরত পাঠাতে পারবে?

MOM যদি মনে করে যে আপনার সিঙ্গাপুরে থাকার প্রয়োজন রয়েছে তাহলে আপনার নিয়োগকর্তা আপনাকে আপনার দেশে ফেরত পাঠাতে পারবে না।

আপনার নিয়োগকর্তা আপনাকে জোর করে আপনার দেশে পাঠিয়ে দিতে চাইলে, বিষয়টি ইমিগ্রেশন চেকপয়েন্টে কর্তৃপক্ষদেরকে জানান এবং তারা আপনাকে MOM এর কাছে পাঠাবে।

WICA এর চোখে আমি কোনো অপরাধ করলে কি হবে?

MOM আপনার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেবে।

আপনি যদি বিদেশী কর্মী হয়ে থাকেন,তাহলে আপনার এই দেশে কাজ করার অনুমতি উঠিয়ে নেওয়া হবে এবং আবার কাজ করতে সিঙ্গাপুরে ফিরে আসতে পারবেন না।

তাছাড়া, আপনাকে শাস্তিস্বরূপ অন্যান্য ক্ষতিপূরণও দিতে হবে:

জালিয়াতি করে ক্ষতিপূরণ চাওয়ার জন্য	অফিসারদের মিথ্যা তথ্য দেওয়ার জন্য
• আপনাকে $15,000 পর্যন্ত ক্ষতিপূরণ দিতে হবে; এবং/অথবা • 12 মাস পর্যন্ত হাজতবাস করতে হবে	• আপনাকে $5,000 পর্যন্ত ক্ষতিপূরণ দিতে হবে; এবং/অথবা • 6 মাস পর্যন্ত হাজতবাস করতে হবে

কাজ করতে গিয়ে পাওয়া আঘাতের জন্য WICA অনুসারে ক্ষতিপূরণ চাইতে অথবা এই বিষয়ে আরো জানতে আপনার সাহায্য চাই?

http://www.mom.gov.sg/wic

Ministry of Manpower Services Centre
1500 Bendemeer Road
Singapore 339946

কাজের সময়:
সোমবার থেকে শুক্রবার: সকাল 8:00 – বিকাল 5:30
(বিকাল 4.30 পর্যন্ত লাইনের টিকিট দেওয়া হবে)

6438 5122

ফেব্রুয়ারি 2017 এ আপডেট করা হয়েছে

এই নির্দেশিকায় দেওয়া তথ্য তা ছাপানোর সময়কাল পর্যন্ত নির্ভুল। এই নির্দেশিকায় কর্মচারীদের (WIC) বিষয়ে সাধারণ তথ্য দেওয়া হয়েছে। WIC আইনে কর্মচারীদের অধিকার এবং বাধ্যবাধকতার বিষয়েও তথ্য এই নির্দেশিকায় দেওয়া হয়েছে। একটি পথনির্দেশক পুস্তিকা হিসাবে এই তথ্যপত্রটির কোনো আইনি ভিত্তি নেই। যে কোন ধরনের সন্দেহ নিরসনের জন্য WIC আইনই উপযুক্ত দ্রষ্টব্য দলিল।